

আইডিয়াল স্কুলের অধ্যক্ষের কুরুচি!

যুগান্তর রিপোর্ট

অধ্যক্ষের লেখা বই পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করার রাজধানীর আইডিয়াল স্কুল এড কলেজে সমালোচনার স্বড় উঠেছে। অভিভাবকরা বইটিকে 'কুরুচি ও ত্রুটিপূর্ণ' কুরুচি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৭

কুরুচি : আইডিয়াল

(শেষ পৃষ্ঠার পর)

উল্লেখ করে অবিলম্বে পাঠ্যসূচি থেকে সেটি প্রত্যাহারের দাবি জানিয়েছেন। এদিকে মান্রাসার দাখিল গুয়ের নবম-দশম শ্রেণীর ইংরেজি বই সম্পর্কেও একই ধরনের অভিযোগ পাওয়া গেছে। জানা গেছে, আইডিয়াল স্কুল এড কলেজের অধ্যক্ষ একে নেওয়াজের রচিত 'স্পেশাল কমিউনিকেশন ফাংশনাল ইংলিশ গ্রামার এন্ড কম্পারিশন' নামক বইটি ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীতে ২০০৩ সালের পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হয়। অভিভাবকরা বইটির 'ভুল বানান, শব্দের ভুল প্রয়োগ ও আপত্তিকর শব্দ' চিহ্নিত করে সম্প্রতি একটি লিফলেট বণ্ডিল করেছেন। এতে বইটির ৩৮টি ভুল ও ৪৪টি আপত্তিকর শব্দকে চিহ্নিত করা হয়। তারা বইটিকে 'ভুল ও অশ্লীলভাষ্য ভরা' উল্লেখ করে বলেন, বিকৃত রুচি শিখা দিতে তারা সন্তানদের স্কুলে পাঠাচ্ছেন না। এই বই কোমলমতি শিশুদের মনে নেতিবাচক প্রভাব ফেলবে।

এদিকে মান্রাসার নবম-দশম শ্রেণীর ইংরেজি বইয়ে বিপ্রান্তিকর ভাষা ও অশালীন ছবি সংযোগের অভিযোগ পাওয়া গেছে। মান্রাসার কয়েকজন ছাত্রছাত্রীদের অভিভাবক ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীর ইংরেজি বই সম্পর্কেও একই অভিযোগ করেছেন।

এ ব্যাপারে আইডিয়াল স্কুল এড কলেজের অধ্যক্ষ একে নেওয়াজ 'কুরুচিপূর্ণ' হিসেবে চিহ্নিত শব্দের ব্যাপারে বলেন, এসব শব্দ বা বাক্য অসঙ্গতিপূর্ণ নয়। এ বয়সী ছেলে-মেয়েদের সহজভাবে এসব পড়তে দেয়া উচিত।